# ভ্রমণ, বিষয়ক অভিজ্ঞতা

১.

অবারিত প্রত্নভূমি, তবু এইখানে
জন্মমৃত্যুহীনভাবে ভুল ভেসে এসে
সহসা নিহিত স্রোতে, এই পল্লবের
জৈব শুশ্রূষার গানে দুচোখ মেলেছি
যেন ; ধীর রৌদ্রময় সমূহ পাথর
আমার ভাষার ঠোঁটে, ঘন অবয়বে,
মেলে ধরে চরাচর সুতীব্র কণ
চেতনা - সকাশে আমি অবাক অচেনা।
প্রশ্ন করি প্রতি বৃক্ষ, পল্লবের নাম
ফুলডুঁরি কোন দেশ, অথবা পর্বত ?
ঋজু বাট কোন সন্ধানে গিয়েছে ?

তুমি
রমণীয়া, শারদ মেঘের মত, ক্রূর
লীলাবতী   পৃথিবীর সব নারী মিলে
অপার আকাশ লীলাময়ী ; এসো তবে
পর্বতশিখরে উঠি, এইখানে ধ্যান
রেখেছেন বিভূতিভূষণ --- এইখানে
আমি যাবতীয় কামতাপ ত্যাগ করি
কিশোরীর কম্পিত আঙুল আমি ধীরে
তুলে নিই প্রস্ফুটিত পদ্মের উপরে।

২.

শিলার উন্মেষ পাশে স্থির বসে থাকা
উদ্‌গত শিখরে, দেখা শালবনময়
স্বভাব-বুনন, মহত্তম স্বপ্নগুলো
এইরূপ মগ্নতা পেয়েছে। কল্পনার চেয়ে আদি
প্রজ্বলন কিছু নেই মনে হয়, কল্পনার চেয়ে
সত্য নেই। মর্মে সেই ভূমি খুঁজি, খুব
স্রোতময়, আদি নৃত্যের মত, তবু
কাঁদি ; পায়ের নীচেয় আমি চিরকাল
প্রার্থনা করেছি তাকে জন্মমৃত্যুহীন...

পিপাসা মিটেছে কিন্তু অবিমিশ্র নয়
তাকে আরো যেতে হবে গুল্মময় দিকে
অনিবার্য শিলা   আত্মপরিচয়
নির্মাণের হেতু যার সমূহ ভ্রমণ।

জয় বন্দ্যোপাধ্যায়

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com